

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৩১

२७/ ि विक्श्या (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩৯. তাবিজ লটকানো

بَاب تَعْلِيقِ التَّمَائِم

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ أَبِي الْخَصِيبِ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مُبَارَكِ، عَنِ الْحَسَنِ، عَنْ عِمْرَانَ بْنِ الْحُصَيْنِ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - رَأَى رَجُلاً فِي يَدِهِ حَلْقَةٌ مِنْ صُفْرٍ فَقَالَ " مَا هَذِهِ الْحَلْقَةُ ". قَالَ هَذِهِ مِنَ الْوَاهِنَةِ . قَالَ " انْزِعْهَا فَإِنَّهَا لاَ تَزِيدُكَ إِلاَّ وَهْنًا " .

বাংলা

২/৩৫৩১। ইমরান ইবনুল হুসাইন (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির হাতে পিতলের বালা পরিহিত দেখে জিজ্ঞেস করেনঃ এই বালাটা কী? সে বললো, এটা অবসন্নতা জনিত রোগের জন্য ধারণ করেছি। তিনি বলেনঃ এটা খুলে ফেলো। অন্যথায় তা তোমার অবসন্নতা বৃদ্ধিই করবে।

English

It was narrated from 'Imran bin Husain that the Prophet (ﷺ) saw a man with a brass ring on his hand. He said:

"What is this ring?" He said: "It is for Wahinah."* He said: "Take it off, for it will only increase you in weakness."

ফুটনোট

আহমাদ ১৯৪৯৮, যইফাহ ১০২৯, (সহীহ আবু দাউদ ৪৬৯ নং হাদিস এর অনুরূপ)। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. আলী বিন আবুল খাসীব সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। তাহরীরু তাকরীবুত তাহয়ীব এর লেখক বলেন, ইবনু হিব্বান তার সিকাহ গ্রন্থে উল্লেখ করে বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৪১২৯, ২১/১২৩ নং পৃষ্ঠা) ২. মুবারাক বিন ফাদালাহ সম্পর্কে আবু বাকর আল-বায়যার বলেন,



তার হাদিসে কোন সমস্যা নেই। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্যান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক তাদলীস করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় তাদলীস করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭৬৬, ২৭/১৮০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন